গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১৯৫-বিচার-৩/১ডি-০১/২০১৪, তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

যেহেতু, কক্সবাজারের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে সিলেটের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব সৈয়দ হুমায়ুন আজাদ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০১/২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব সৈয়দ হুমায়ুন আজাদ এর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০১৪ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগ প্রমানিত হওয়ায় তাঁকে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদানের প্রস্তাব বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরন করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাঁকে উক্ত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের প্রেক্ষিতে কক্সবাজারের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে সিলেটের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব সৈয়দ হুমায়ুন আজাদ-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০১৪ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ-
(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব

নং-১৯৫/১(৯)- বিচার-৩/১ডি-০১/২০১৪, তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, কক্সবাজার/সিলেট।
৩। জনাব সৈয়দ হুমায়ুন আজাদ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, সিলেট।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা- ১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫/০৩/২০১৭
(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১